

সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২০

১/ পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১২৩. তায়াম্মুম সম্পর্কে।

باب التَّيَمُّم

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ أَحْمَدَ بْنِ أَبِي خَلَفٍ، وَمُحَمَّدُ بْنُ يَحْيَى النَّيْسَابُورِيُّ، _ فِي آخَرِينَ _ قَالُوا حَدَّثَنَا يَعْقُوبُ، أَخْبَرَنَا أَبِي، عَنْ صَالِح، عَن ابْن شِهَابِ، حَدَّثَنِي عُبَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ اللَّهِ، عَنِ ابْنِ عَبَّاسِ، عَنْ عَمَّارِ بْنِ يَاسِرِ، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم عَرَّسَ بأُولاَت الْجَيْش وَمَعَهُ عَائِشَةُ فَانْقَطَعَ عِقْدٌ لَهَا مِنْ جَزْعِ ظَفَارِ فَحَبَسَ النَّاسَ ابْتِغَاءُ عِقْدهَا ذَلِكَ حَتَّى أَضَاءَ الْفَجْرُ وَلَيْسَ مَعَ النَّاسِ مَاءٌ فَتَغَيَّظَ عَلَيْهَا أَبُو بَكْرِ وَقَالَ حَبَسْت النَّاسَ وَلَيْسَ مَعَهُمْ مَاءٌ فَأَنْزَلَ اللَّهُ تَعَالَى عَلَى رَسُولِهِ صلى الله عليه وسلم رُخْصنة التَّطَهُّر بالصَّعِيد الطَّيّب فَقَامَ الْمُسْلِمُونَ مَعَ رَسُول اللَّهِ صلى الله عليه وسلم فَضَرَبُوا بأَيْديهمْ إِلَى الأَرْضِ ثُمَّ رَفَعُوا أَيْديَهُمْ وَلَمْ يَقْبِضُوا مِنَ التُّرَابِ شَيْئًا فَمَسَحُوا بِهَا وُجُوهَهُمْ وَأَيْدِيَهُمْ إِلَى الْمَنَاكِبِ وَمِنْ بُطُونِ أَيْدِيهِمْ إِلَى الآبَاطِ. زَادَ ابْنُ يَحْيَى فِي حَديثِهِ قَالَ ابْنُ شِهَابِ فِي حَديثِهِ وَلاَ يَعْتَبرُ بِهَذَا النَّاسُ . قَالَ أَبُو دَاؤُدَ وَكَذَلِكَ رَوَاهُ ابْنُ إسْحَاقَ قَالَ فِيهِ عَن ابْن عَبَّاسِ وَذَكَرَ ضَرْبَتَيْن كَمَا ذَكَرَ يُونُسُ وَرَوَاهُ مَعْمَرٌ عَن الزُّهْرِيِّ ضَرْبَتَيْن وَقَالَ مَالِكٌ عَنِ الزُّهْرِيِّ عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ أَبِيهِ عَنْ عَمَّارِ وَكَذَلِكَ قَالَ أَبُو أُويُس عَنِ الزُّهْرِيِّ وَشَكَّ فِيهِ ابْنُ عُيَيْنَةَ قَالَ مَرَّةً عَنْ عُبَيْدِ اللَّهِ عَنْ أَبِيهِ أَوْ عَنْ عُبَيْدِ اللَّهِ عَن ابْن عَبَّاس وَمَرَّةً قَالَ عَنْ أَبِيهِ وَمَرَّةً قَالَ عَن ابْن عَبَّاسِ اضْطَرَبَ ابْنُ عُيَيْنَةَ فِيهِ وَفِي سَمَاعِهِ مِنَ الزُّهْرِيِّ وَلَمْ يَذْكُرْ أَحَدٌ مِنْهُمْ فِي هَذَا الْحَديث الضَّرْبَتَيْنِ إِلاَّ مَنْ سَمَّيْتُ .

বাংলা

৩২০. মুহাম্মাদ ইবনু আহমাদ ইবনু আব্বাস (রাঃ) থেকে আম্মার ইবনু ইয়াসির (রাঃ) এর সূত্রে বর্ণিত।



রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম বনী মুস্তালিকের অভিযান হতে প্রত্যাবর্তনের সময় "উলাতে জায়েশ" (যাতে জায়েশ অথবা বায়দা) নামক স্থানে রাতের শেষ প্রহরে বিশ্রামের জন্য অবতরণ করেন এবং এই সময় আয়িশা (রাঃ) তাঁর সাথে ছিলেন। এই স্থানে তাঁর হারটি যা ইয়ামনের তৈরী ছিল- হারানো যায়। সকলে তাঁর হারের অম্বেষণে ব্যতিব্যস্ত হয়ে পড়েন- এমন কি ফজরের নামাযের সময় উপনীত হয়। তাদের সাথে তখন উয়্ (ওজু/অজু/অযু) করার মত পানি ছিল না। এমতাবস্থায় আবৃ বকর সিদ্দীক (রাঃ) তাঁর প্রাণপ্রিয় কন্যা আয়িশা (রাঃ) এর উপর রাগান্বিত হয়ে বলেন, তোমার কারণে সকলে এখানে অটকা পড়েছে, অথচ কারও সাথে উয়্ করার মত পানিও নাই।

এ সময় আল্লাহ্ রাব্দুল আলামীন তার রাসূলের উপর পবিত্রতা অর্জনের ব্যাপারে "রোখসতের" আয়াত যা ছিল উযূর পরিবর্তে বিশেষ অবস্থায় তায়াম্মুম করার নির্দেশ নাযিল করেন। এ সময় মুসলিমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লামের সাথে পবিত্র মাটির উপর হাত মেরে তা তুলে তাদের মুখমণ্ডল ও দুই হাতের বগল পর্যন্ত মাসেহ্ করেন; তবে তারা হাত দিয়ে মাটি আকড়ে ধরেননি।

ইবনু শিহাবের বর্ণনামতে এই হাদীছ ফিকাহবিদ আলেমদের নিকট গ্রহণযোগ্য নয়। ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, ইবনু ইসহাক এই হাদীছটি সূত্র পরস্পরায় ইবনু আব্বাস (রাঃ) হতে বর্ণনা করেন এবং উক্ত বর্ণনায় তারা দুইবার মাটির উপর হাত মারেন বলে উল্লেখ আছে।

English

Narrated Ammar ibn Yasir:

The Messenger of Allah () encamped at Ulat al-Jaysh and Aisha was in his company. Her necklace of onyx of Zifar was broken (and fell somewhere). The people were detained to make a search for that necklace until the dawn broke. There was no water with the people. Therefore AbuBakr became angry with her and said: You detained the people and they have no water with them.

Thereupon Allah, the Exalted, sent down revelation about it to His Apostle (ﷺ) granting concession to purify themselves with pure earth. Then the Muslims stood up with the Messenger of Allah (ﷺ) and struck the ground with their hands and then they raised their hands, and did not take any earth (in their hands). Then they wiped with them their faces and hands up to the shoulders, and from their palms up to the armpits.

Ibn Yahya added in his version: Ibn Shihab said in his tradition: The people do not take this (tradition) into account.



Abu Dawud said: Ibn Ishaq also reported it in a similar way. In this (version) he said on the authority of Ibn 'Abbas. He mentioned the words "two strikes" (i.e. striking the earth twice) as mentioned by Yunus. And Ma'mar also narrated on the authority of al-Zuhri "two strikes". And Malik said: From al-Zuhri from 'Ubaid Allah b. 'Abd Allah from his father on the authority of 'Ammar. Abu Uwais also reported it in a similar way on the authority of al-Zuhri. But Ibn 'Uyainah doubted it, he sometimes said: from his father, and sometimes he said: from Ibn 'Abbas. Ibn 'Uyainah was confused in it and in his hearing from al-Zuhri. No one has mentioned "two strikes" in this tradition except those whose names I have mentioned.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন